গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন-১ শাখা
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩১.১৬.১৯০.১৮.৪০২

তারিখ: ২৬ চৈত্র ১৪২৬
০৯ এপ্রিল ২০২০

বিষয়: **সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্হলে অনুপস্হিত থাকা।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৯৯.০০১.১৮.২১৬, তারিখ: ০৯ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় অফিসার, শিবচর, মাদারীপুর কর্তৃক কর্মস্হলে অনুপস্হিতির কারণে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্হা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণের জন্য নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরকে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪-০৩-২০২০ খ্রি: তারিখের ৩৪৭নং পত্রের অনুবৃত্তিক্রমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্হার সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সার্বক্ষণিক কর্মস্হলে উপস্হিত নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগ এবং জেলা প্রশাসক, মাদারীপুরের পত্র, ০২ (দুই) পৃষ্ঠা।

৯-৪-২০২০
মোঃ মিজানুর রহমান
উপসচিব


বিতরণ :
১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
২) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
৩) প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প
৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী
৫) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৬) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
৭) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড
৮) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, আগারগাঁও, ঢাকা।
৯) ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
১০) ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী দারিদ্র্য

বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
১১) মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:,
ঢাকা-১০০০।
১২) এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩১.১৬.১৯০.১৮.৪০২/১(৭)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৬
০৯ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব (সমবায়, প্রশাসন), প্রশাসন-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭) অফিস কপি।



৯-৪-২০২০
মোঃ মিজানুর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৯৯.০০১.১৮.২১৬

তারিখ: ২৬ চৈত্র ১৪২৬ / ০৯ এপ্রিল ২০২০

**বিষয়: সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত থাকা।**

সূত্র: জেলাপ্রশাসকের কার্যালয়, মাদারীপুরের স্মারক নম্বর: ০৫.৪১.৫৪০০.১০১.৩৩.০০১.২০.৮৫ তারিখ: ০৭.০৪.২০২০

উপর্যুক্ত বিষয়ে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। করোনাভাইরাস (COVID-2019)-এর সংক্রমণ ও বিস্তার রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময় জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা প্রদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়, বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু উক্ত নির্দেশনা অমান্য করে মাদারীপুর জেলার শিবচর উপজেলায় কর্মরত ১১ জন কর্মকর্তা-কর্মচারী কর্মস্থল ত্যাগপূর্বক কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাদেরকে উপজেলা কন্ট্রোলরুমে ও ইউনিয়ন ট্যাগ অফিসার হিসাবে দায়িত্ব প্রদান করা হয়েছিল। তাদের অনুপস্থিতির কারণে করোনাভাইরাস (COVID-2019)-এর সংক্রমণ ও বিস্তার প্রতিরোধ কার্যক্রমসহ শিবচর উপজেলার অন্যান্য সরকারি কর্মসূচিসমূহ বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে। এ সকল অনুপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

০৯।৪।২০২০
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়/স্থানীয় সরকার বিভাগ; ও
০২. সচিব, কৃষি মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/আইন ও বিচার বিভাগ।

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়;
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা;
০৪. জেলাপ্রশাসক, মাদারীপুর; ও
০৫. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডায়েরী নং ...২৪০৭
তারিখঃ ...৯/৪/20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(গোপনীয় শাখা)

স্মারক নং ০৫.৪১.৫৪০০.১০১.৩৩.০০১.২০-৮৫ তারিখ ঃ ০৭-০৪-২০২০ খ্রিঃ

বিষয় ঃ সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত থাকা।

সূত্র ঃ (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ তারিখ ঃ ২৪-০৩-২০২০ খ্রিঃ।
(২) শিবচর উপজেলা নির্বাহী অফিসার এর স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৬.০০১.২০-২৫০ তারিখ ঃ ২৭-০৩-২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ ও বিস্তার রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময় করোনা ভাইরাস কোভিড-১৯) প্রতিরোধ ও প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরী পরিস্থিতি মোকাবেলাসহ অন্যান্য সরকারি কর্মসূচী বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সকল মন্ত্রণালয়, বিভাগ এবং এর আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে শিবচর উপজেলার সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মস্থলে অবস্থান করে সরকারি নির্দেশনাসমূহ বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য শিবচর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত নির্দেশনা অমান্য করে শিবচর উপজেলায় কর্মরত নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ কর্মস্থল ত্যাগপূর্বক কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর জানিয়েছেন।

উল্লেখ্য, করোনা ভাইরাসে শিবচর উপজেলা ঝুঁকিপুর্ণ হওয়ায় বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণকে উপজেলা কন্ট্রোলরুমে ও ইউনিয়ন ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। তাদের অনুপস্থিতির কারণে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও প্রতিরোধ কার্যক্রমসহ শিবচর উপজেলার অন্যান্য সরকারি কর্মসূচীসমূহ বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে।

অনুপস্থিত কর্মর্তা-কর্মচারীগণের তালিকা

| ক্রঃনং | কর্মচারীর নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ ইকবাল হোসেন | উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর। |
| ২। | জনাব শ্যামল কৃষ্ণ মালাকার | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৩। | জনাব মোঃ জহিরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৪। | জনাব মোঃ হারুণ অর রশিদ | উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৫। | জনাব মোঃ আঃ মতিন | সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর। |
| ৬। | জনাব সত্য রঞ্জণ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৭। | জনাব রফিকুল ইসলাম | উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৮। | জনাব এ.কে.এম. আসাদ | উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ৯। | জনাব মোঃ মোশারফ হোসেন | সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ১০। | জনাব এমারত হোসেন | হিসাব রক্ষণ, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ১১। | জনাব অসিম বালা | সহকারী হিসাব রক্ষণ, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |

এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার ও সংক্রমণ রোধকল্পে সরকারি কর্মসূচীসমূহ বাস্তবায়ন বিঘ্নিত হওয়ায় সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগসমূহকে সদয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

০৭/০৪/২০২০

(মোঃ ওয়াহিদুল ইসলাম)
জেলা প্রশাসক, মাদারীপুর
ফোন-০৬৬১-৬২৭৭৭
মোবা ঃ ০১৭২৬৬০৪২২২
dcmadaripur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।